ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৭১৪

আগরতলা,১৫ মে,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘চিকিৎসক নার্সের স্বল্পতায় পরিষেবা লাটে,’’ এই শিরোনামে গত ১৪ মে, ২০২৫ রাষ্ট্রীয় কন্ঠ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে কাঁঠালিয়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের পক্ষ থেকে প্রেরিত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, কাঁঠালিয়া সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে তিনজন চিকিৎসক ও পাঁচজন নার্সিং অফিসার কর্মরত রয়েছেন। এরমধ্যে একজন চিকিৎসক ও একজন নার্সিং অফিসার সুকুমার বর্মণ মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে ডেপুটেশনে রয়েছেন। এই সামাজিক স্বাস্থ্যকেন্দ্রটি ২৪x৭ ঘণ্টাই নিয়মিতভাবে পরিষেবা প্রদান করছে।

*****